

# Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. Mark Rutte, Prime Minister of the Netherlands

March 09, 2022

---

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী শ্রী মার্ক রুট-এর মধ্যে টেলিফোনে বার্তালাপ

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী শ্রী মার্ক রুট-এর সঙ্গে টেলিফোনে কথা বলেন।

দুই নেতাই ইউক্রেনের বর্তমান পরিস্থিতি এবং সেখানকার মানবিক বিপর্যয় নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। হিংসা ও বৈরিতার অবসান ঘটিয়ে আলোচনা ও কূটনীতির পথে ফিরে আসার যে আবেদন ভারত বার বার রাখছে, তা পুনর্ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। রাশিয়া ও ইউক্রেনের মধ্যে বর্তমানে যে আলোচনা চলছে তাকে স্বাগত জানিয়ে এর থেকে দ্রুত সমস্যার নিষ্পত্তি হবে বলে প্রধানমন্ত্রী আশা ব্যক্ত করেছেন।

সংঘর্ষদীর্ঘ এলাকা থেকে ভারতীয় নাগরিকদের উদ্ধার করে নিয়ে আসার কাজের অগ্রগতি এবং ক্ষতিগ্রস্ত এলাকায় ওষুধপত্র সহ জরুরি ত্রাণ সরবরাহের যে উদ্যোগ ভারত নিয়েছে সেই সম্পর্কে প্রধানমন্ত্রী মোদী, প্রধানমন্ত্রী রুটকে জানান।

2021 সালের এপ্রিলে প্রধানমন্ত্রী রুট-এর সঙ্গে ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী মোদী তাঁকে শীঘ্র ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছেন।

নতুন দিল্লি,

08 মার্চ, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.